DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Aug 2026, 10:59 PM

সারাদেশ

# কুষ্টিয়ায় বালুবাহী ট্রলি পদ্মায়, এক শিশু নিখোঁজ

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৪ আগস্ট ২০২৬, ০৮:৫০ PM



কুষ্টিয়ার কুমারখালীতে বালু বোঝাই একটি ট্রলি পদ্মা নদীতে উল্টে পড়ে এক শিশু নিখোঁজ হয়েছে। এ ঘটনায় ট্রলিতে থাকা অপর তিন শিশুকে জীবিত উদ্ধার করা হয়েছে।

শুক্রবার (১৪ আগস্ট) সকাল ১১টার দিকে উপজেলার শিলাইদহ ইউনিয়নের শিলাইদহ ঘাটসংলগ্ন কসবা মৌজার ঘাটপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিখোঁজ শিশুটির নাম মো. আলিফ (৮)। সে শিলাইদহ ইউনিয়নের কসবা এলাকার মনসুর প্রামাণিকের ছেলে।

ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে শিলাইদহ ব্লক এলাকা থেকে খেলতে খেলতে বালু বোঝাই একটি ট্রলিতে উঠে পড়ে চার শিশু▯আব্দুল আহাদ, জিহাদ, ওমর ফারুক ও আলিফ। ট্রলিটি শিলাইদহ ঘাটের দিকে যাওয়ার সময় অপ্রশস্ত সড়কে একটি মোটরসাইকেলকে পাশ কাটিয়ে যেতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে পদ্মা নদীতে পড়ে যায়।

এ সময় ট্রলিচালক সাঁতরে তীরে উঠে আসেন। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুত নদীতে নেমে তিন শিশুকে জীবিত উদ্ধার করেন। তবে আলিফের

কোনো সন্ধান পাওয়া যায়নি।

খবর পেয়ে বেলা সোয়া ১১টার দিকে কুমারখালী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করেন। স্থানীয়দের সহযোগিতায় নদী থেকে ট্রলিটিও উদ্ধার করা হয়েছে। তবে নিখোঁজ শিশুটিকে উদ্ধার করা সম্ভব হয়নি।

কুমারখালী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন ইনচার্জ নাসির উদ্দিন বলেন, খবর পাওয়ার পরপরই উদ্ধার অভিযান শুরু করা হয়। স্থানীয়দের সহযোগিতায় তিন শিশুকে জীবিত উদ্ধার করা হয়েছে। একজন এখনো নিখোঁজ রয়েছে। খুলনা থেকে ডুবুরি দল ঘটনাস্থলে এসে উদ্ধার অভিযান শুরু করেছে।

নিখোঁজ আলিফকে উদ্ধারে অভিযান অব্যাহত রয়েছে।

---


## এ বিভাগের আরও খবর



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---



### ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের রোড শো

ক্যাশলেস সোসাইটি বিনির্মাণে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়ায় রূপালী ব্যাংকের উদ্যোগে সচেতনতামূলক রোড শো অনুষ্ঠিত হয়েছে।শনিবার (১৫ আগস...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/kushtiyay-balubahi-trli-pdmay-ek-shishu-nikhonj